

অতীব জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
পুলিশ হেডকোয়ার্টার্স  
ঢাকা  
www.police.gov.bd

আইসিটি শাখা পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
তারিখ: ২৬/৫
২/৪/২০১৯

স্মারক নং-৪৪.০১.০০০০.০৩৯.২৫.০০২.১৯- ০৭৮

তারিখ: ০২ এপ্রিল, ২০১৯ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ English Pre-SAAT প্রিপারেটরী কোর্সে অংশগ্রহণের জন্য এসআই/সার্জেন্ট হতে তদুর্ধ্ব পদমর্যাদার নারী পুলিশ কর্মকর্তাগণের নামের তালিকা প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে Individual Police officer (IPO) হিসেবে মোতায়েনের জন্য English SAAT পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক সকল কর্মকর্তা (এসআই/সার্জেন্ট হতে তদুর্ধ্ব পদমর্যাদার নারী কর্মকর্তা)কে পুলিশ হেডকোয়ার্টার্স কর্তৃক আয়োজিত English Pre-SAAT পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

এমতাবস্থায়, জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে Individual Police officer (IPO) হিসেবে মোতায়েনের জন্য English SAAT পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তা বাছাইয়ের লক্ষ্যে English Pre-SAAT প্রিপারেটরী কোর্সের জন্য নিম্নবর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে এসআই/সার্জেন্ট হতে তদুর্ধ্ব আগ্রহী নারী কর্মকর্তাগণের আবেদন/মনোনয়ন (সফট কপি MS Word ফরমেটে সিডি ও ই-মেইলে) আগামী ৭ এপ্রিল ২০১৯ পুনঃ ৭ এপ্রিল ২০১৯ তারিখের মধ্যে একীভূত (সকল ইউনিট প্রধান ও জেলার ক্ষেত্রে রেঞ্জ ডিআইজি কার্যালয় হতে) করে প্রেরণ করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো। যোগ্যতা সম্পন্ন নারী কর্মকর্তাদের আবেদন করার জন্য উৎসাহিত করার জন্যও আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো। উল্লেখ্য, ইতোমধ্যে যে সকল নারী পুলিশ সদস্য (এসআই হতে তদুর্ধ্ব কর্মকর্তা) FPU এর জন্য মনোনীত হয়েছেন, তাদের আবেদন করার প্রয়োজন নেই।

- ১। ইংরেজি ভাষা ও ড্রাইভিং-এ দক্ষতাসহ বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী নারী পুলিশ কর্মকর্তাগণকে যাচাইপূর্বক প্রার্থী মনোনীত করতে হবে;
- ২। মনোনীত কর্মকর্তাদের চাকুরি ৩১ মার্চ ২০১৯ তারিখে কমপক্ষে ০৫ (পাঁচ) বছর (প্রশিক্ষণ সময় ব্যতীত) এবং বয়স অনূর্ধ্ব ৫৩ বছর হতে হবে;
- ৩। মনোনীত/আবেদনকারী কর্মকর্তাগণের বিরুদ্ধে কোন বিভাগীয়/ফৌজদারী মামলা চলমান/মুলতবী/ প্রক্রিয়াধীন নেই কিংবা চাকুরী জীবনে কখনো গুরুদণ্ড প্রাপ্ত হননি বা আদালত কর্তৃক কোন ফৌজদারী অপরাধের দায়ে সাজাপ্রাপ্ত হননি, International Human Rights Law অথবা International Humanitarian Law ভঙ্গ করেননি এবং পূর্ববর্তী কোন মিশনে নিয়োজিত থাকাকালে কোনরূপ বিরূপ তথ্য পাওয়া যায়নি মর্মে ইউনিট প্রধান কর্তৃক পৃথকভাবে প্রত্যেকের জন্য নমুনা মোতাবেক প্রত্যয়নপত্র প্রেরণ করতে হবে (সংযুক্তি-১);
- ৪। ইতোপূর্বে আবেদনকারী চাকুরী জীবনে গুরুদণ্ড প্রাপ্ত হননি, পূর্ববর্তী কোন মিশনে নিয়োজিত থাকাকালে কোনরূপ বিরূপ মন্তব্য পাননি এবং SAAT পরীক্ষায় উত্তীর্ণ হলে মিশনে গমনে বাধ্য থাকবেন মর্মে ঘোষণাপত্র প্রদান করতে হবে (সংযুক্তি-২);
- ৫। ভুল তথ্য প্রদানকারী পুলিশ কর্মকর্তাগণের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে এবং ভবিষ্যতে শান্তিরক্ষা মিশনে প্রেরণের ক্ষেত্রে বিবেচনা করা হবে না;
- ৬। নিচের "ছক" অনুযায়ী ইউনিট হতে প্রাথমিকভাবে মনোনীত কর্মকর্তাগণের তথ্যাদি প্রেরণ করতে হবে

ছকঃ মনোনীত কর্মকর্তাগণের তথ্যাদি

Serial No.	Language	Police ID	Rank	Gender	Date of Birth (dd/mm/yyyy)	Date of Joining to Police (dd/mm/yyyy)	First Name	Family Name	Educational Qualification	Unit	Name of Previous Mission (s)	Date of Return from Last Mission	Passport		Driving		Remarks
													No	Date of Expiry	No	Date of Expiry	

- ৭। জেলা/ইউনিট প্রধান হতে যথাযথ কর্তৃপক্ষের (ইউনিট প্রধান/ জেলার ক্ষেত্রে রেঞ্জ ডিআইজি কার্যালয়) মাধ্যমে ব্যতীত এবং সুনির্দিষ্ট প্রক্রিয়া অনুসরণ ব্যতিরেকে প্রেরিত মনোনয়ন এবং ব্যক্তিগত আবেদন গ্রহণযোগ্য হবে না।

সংযুক্তিঃ ০২ (দুই) পাতা

(নাসিয়ার ওয়াজেদ, পিপিএম)

বিপি-৭৮০৩০২৭৮১৬

এআইজি (ইউএন অ্যাফেয়ার্স), বাংলাদেশ পুলিশ

পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

ফোন- ৯৫৬১৭৩০

- ১। অতিরিক্ত আইজি, সিআইডি, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
- ২। প্রিন্সিপ্যাল, বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহী।
- ৩। মহাপরিচালক, র‍্যাভ, র‍্যাভ ফোর্সেস হেডকোয়ার্টার্স, ঢাকা।
- ৪। পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।
- ৫। অতিরিক্ত আইজি, শিল্পাঞ্চল পুলিশ/এপিবিএন/এন্টি টেররিজম ইউনিট/রেলওয়ে পুলিশ/এসবি/টিএন্ডআইএম, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
- ৬। রেজিস্ট্রার, পুলিশ স্টাফ কলেজ, ঢাকা।
- ৭। ডিআইজি,.....(সকল), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

